



চাঁদাবাজদের সঙ্গে জড়িত পুলিশ সদস্যদেরও তালিকা হচ্ছে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

সারাদেশে চাঁদাবাজদের চিহ্নিত করে তালিকা তৈরির কাজ চলছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। একই সঙ্গে চাঁদাবাজির মতো অপরাধে কোনো পুলিশ সদস্যের সম্পৃক্ততা পাওয়া গেলে তাদেরও তালিকাভুক্ত করা হচ্ছে বলে জানান তিনি।

শনিবার (২২ আগস্ট) বিকেলে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে চাঁদা না দেওয়ায় হামলার শিকার চিকিৎসক আসাদুর রহমানকে দেখতে গিয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় এসব তথ্য জানান স্বরাষ্ট্রমন্ত্রী।

সালাউদ্দিন আহমেদ বলেন, ঢাকা মহানগর এলাকায় সন্ত্রাসী, চাঁদাবাজ ও মাদক কারবারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। অপরাধ দমনে দায়িত্ব পালন করতে গিয়ে কোনো কর্মকর্তা ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধেও প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।

চিকিৎসক আসাদুর রহমানের ওপর হামলার ঘটনায় এখন পর্যন্ত চারজনকে গ্রেপ্তার করা হয়েছে বলেও জানান স্বরাষ্ট্রমন্ত্রী। ঘটনার সঙ্গে জড়িত অন্যদের গ্রেপ্তারে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযান চলছে।

উল্লেখ্য, ঢামেক হাসপাতালের নাক, কান ও গলা (ইএনটি) বিভাগের প্রধান অধ্যাপক ডা. মো. আসাদুর রহমানের ওপর গত সোমবার দুর্বৃত্তরা হামলা চালায়। গুরুতর আহত অবস্থায় তিনি বর্তমানে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।